দৈনিক ইনকিলাব

তারিখ ... FEB. 23 1999 ... ...
পৃষ্ঠা ১ ... কলাম ৪ ......

40

# ইসলামী ভার্সিটিতে ভিসি'র অফিস ভাঙচুর করেছে ছাত্র লীগের কর্মীরা

ইঃ বিঃ রিপোর্টার ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ে বহিরাগত এক ছাত্র লীগ কর্মীর প্রহৃত হওয়ায় ক্যাম্পাসে তীব্র উত্তেজনা বিরাজ করছে। উক্ত ঘটনায় ক্ষিপ্ত হয়ে ছাত্র লীগ ভিসি অফিস ভাঙচুর করে। এতে অর্ধ লক্ষাধিক টাকার সম্পদ বিনষ্ট করেছে। এদিকে জাতীয়তাবাদী ছাত্রদল আহূত ছাত্র ধর্মঘটের কয়েকদিন অতিবাহিত হয়েছে। ধর্মঘটের প্রথম দিনে কোন বিভাগেই ক্লাস হয়নি। বেলা পৌনে ১২টায় বহিরাগত ছাত্র লীগ কর্মী সাইদুল ইসলামের সাথে এক শিবির কর্মীর বাক-বিতণ্ডা হয়। এক পর্যায়ে উক্ত

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## ইসলামী ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

ছাত্র লীগ কর্মী প্রহৃত হলে ছাত্র লীগ-এ ঘটনার বিচার দাবী করে ভিসি প্রফেসর মোঃ কায়েম উদ্দিনের নিকট স্মারকলিপি প্রদান করে। ভাইস চ্যান্সেলর বিষয়টি সুরাহা করার লক্ষ্যে দায়িত্বশীল শিক্ষকবর্গকে নিয়ে ছাত্র লীগ নেতৃবৃন্দের সাথে বৈঠকে বসেন। ছাত্র লীগ তাৎক্ষণিকভাবে ছাত্র শিবিরের কর্মীদের গ্রেফতারের দাবী জানায়। ভিসি নিয়মতান্ত্রিক পন্থায় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন। এ আশ্বাসে সন্তুষ্ট না হয়ে সিনিয়র শিক্ষকদের বাধা উপেক্ষা করে ছাত্র লীগ ভিসির অভ্যর্থনা কক্ষ এবং সম্মেলন কক্ষ ভাঙচুর করে। ছাত্র লীগ ভিসির পদত্যাগ দাবী করেছে।